

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৭.৩১.১৭২.২০২৩-২৫৯

তারিখ: ০৯/০২/২০২৫ খ্রি.


বিষয়: মাধ্যমিক পর্যায়ে শিক্ষার্থীদের কোডিং সম্পর্কে ধারণা প্রদানের লক্ষ্যে 'Hour of Code' ক্যাম্পেইন পরিচালনা।

সূত্র: এসপায়ার টু ইনোভেট (এটুআই) এর স্মারক নং- ৫৬.৮৩.০০০০.০০৮.৯৯.০০১.২০২৫-১২২; তারিখ: ০৯/০২/২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জ্ঞানভিত্তিক, উদ্ভাবনী ও সমৃদ্ধ বাংলাদেশ গঠন এবং শিক্ষার্থীদের ভবিষ্যতের জন্য প্রস্তুত করতে 4IR, AI, Coding, Problem Solving-এর মত এডভান্স প্রযুক্তিতে দক্ষ করে গড়ে তোলা প্রয়োজন। 'আওয়ার অব কোড' Code.org পরিচালিত কোডিং দক্ষতা উন্নয়ন বিষয়ক একটি গ্লোবাল কার্যক্রম। এই কার্যক্রমে অংশগ্রহণের মাধ্যমে শিক্ষার্থীদের সৃজনশীল চিন্তা, সমস্যা সমাধান দক্ষতা, বিশ্লেষণী চিন্তার বিকাশের সুযোগ সৃষ্টি হবে এবং বিজ্ঞান শিক্ষার প্রতি আগ্রহ বৃদ্ধি পাবে। এই লক্ষ্যে মাধ্যমিক পর্যায়ে শিক্ষার্থীদের জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের উদ্যোগে এসপায়ার টু ইনোভেট (এটুআই) এর কারিগরি সহায়তায় আগামী ১০-২০ ফেব্রুয়ারি ২০২৫ পর্যন্ত 'Hour of Code' ক্যাম্পেইন শুরু হতে যাচ্ছে। কার্যক্রমটি সুষ্ঠুভাবে বাস্তবায়নে শিক্ষক বাতায়ন প্ল্যাটফর্মের জেলা পর্যায়ের ICT4E অ্যান্ডাসেডর শিক্ষক এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ের শিক্ষকদের শিক্ষা প্রতিষ্ঠানের আইসিটি ল্যাব ব্যবহার করে শিক্ষার্থীদের নিয়ে গাইডলাইন (সংযুক্ত) অনুসারে সক্রিয়ভাবে ক্যাম্পেইনটি পরিচালনা করা যায়। উল্লেখ্য যে, আঞ্চলিক উপপরিচালক, জেলা শিক্ষা অফিসার ও উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাগণ ক্যাম্পেইনটি সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সমন্বয়ের দায়িত্ব পালন করতে পারেন।

এমতাবস্থায়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মাধ্যমিক স্তরের সকল শিক্ষার্থীদের জন্য আগামী ১০-২০ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিষ্টাব্দ পর্যন্ত কোডিং সম্পর্কে ধারণা ও সচেতনতা সৃষ্টিতে উদ্যোগ গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: গাইডলাইন ১৩ পাতা।



(এস এম জিয়াউল হায়দার হেনরী)
সহকারী পরিচালক (মাধ্যমিক-১)
adshesecondary1@gmail.com

বিতরণ ও কার্যার্থে:

- উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল);
- জেলা শিক্ষা অফিসার (সকল);
- উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল);

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়;
- ০২। অতিরিক্ত সচিব (মাধ্যমিক অনুবিভাগ ১ ও ২), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়;
- ০৩। প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), অতিরিক্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ;
- ০৪। পরিচালক (কলেজ ও প্রশাসন/মাধ্যমিক/প্রশিক্ষণ/পরি: ও উন্ন:/অর্থ ও ক্রয়/মনি: এন্ড ইভা:), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
- ০৫। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল);
- ০৬। জেলা প্রশাসক (সকল);
- ০৭। উপজেলা নির্বাহী অফিসার (সকল);
- ০৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাউশি অধিদপ্তর; [পত্রটি মাউশি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
- ০৯। জনাব মো: সাজ্জাদ হোসেন খান, এডুকেশন এক্সপার্ট, ফিউচার অব এডুকেশন, এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম;
- ১০। সভাপতি, গভর্নিং বডি/ ম্যানেজিং কমিটি.....;
- ১১। অধ্যক্ষ/প্রধান শিক্ষক.....;
- ১২। সংরক্ষণ নথি।